

## শিক্ষার্থী ঝরে পড়া ঠেকাতে এক বেলা খাবার দেওয়া হবে: চসিক মেয়র

চট্টগ্রাম ব্যুরো

১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:৩৪

চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চট্টগ্রামে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের ঝরে যাওয়া ঠেকাতে আগামী নতুন শিক্ষাবছর থেকে এক বেলা খাবার সরবরাহ করা হবে। প্রথম পর্যায়ে দেড় হাজার শিক্ষার্থী এর আওতায় আসবে। নগর ভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে গতকাল মঙ্গলবার চট্টগ্রাম সিটি করপোরেশনের শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা স্ট্যান্ডিং কমিটির চার বছর পূর্তি উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে মেয়র এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বর্তমানে চট্টগ্রাম সিটি করপোরেশনের তত্ত্বাবধানে সাত হাজার শিক্ষার্থীকে বিনামূল্যে লেখপড়া করানো হয়। চসিকের আওতায় বিভিন্ন স্কুল ও কলেজে ৬২ হাজার ৯৮০ শিক্ষার্থী লেখাপড়া করছে। স্থায়ী শিক্ষক ও কর্মচারী রয়েছেন এক হাজার ৮৭ জন, অস্থায়ী ৬৪১ জন। শিক্ষা বিস্তারে সিটি করপোরেশন প্রতিবছর ৩৩ কোটি টাকা ভর্তুকি দিয়ে থাকে। চসিক এই প্রতিষ্ঠানগুলো পরিচালনা না করলে চট্টগ্রাম শহরের দুই-তৃতীয়াংশ শিশু শিক্ষা থেকে বঞ্চিত হতো।

সিটি করপোরেশনের অর্থায়নে গত চার বছরে সাতটি স্কুল ও কলেজের ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে। জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) অর্থায়নে একাধিক স্কুল ও কলেজের অবকাঠামো সম্প্রসারণকাজ চলমান।

advertisement

এ সময় আরও উপস্থিত ছিলেন চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়-য়া, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, গিয়াস উদ্দিন, মেয়রের একান্ত সহকারী আবুল হাশেম প্রমুখ।